

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং
www.plancomm.gov.bd

নং- ২০.০৫.০০০০.৪৩২.১৪.০২৬.২০১৭-১২৫

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০১৮ খ্রি:


বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার বিজ্ঞপ্তি।

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য মির্জা শামীমা নাগিস এর সভাপতিত্বে পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ- ৩-৪) প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রস্তাবিত নিম্নোক্ত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম	অর্থায়নের উৎস	তারিখ, সময় ও ভেন্যু	মন্ত্রণালয়/সংস্থা
০১।	মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন প্রকল্প।	ভারতীয় ঋণ LoC- III ও জিওবি ঋণ	০৭/০৫/২০১৮ খ্রি: (সোমবার) দুপুর ১২:৩০ মিনিট পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ- ৩-৪)	প্রধানমন্ত্রীর কার্যালয়/ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)

০২। সভার কার্যপত্র ও প্রস্তাবিত ডিপিপি (প্রতিটি ১ প্রস্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মো: সালাহউদ্দিন আহাম্মদ
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১১৭৩৩১
sac2.jt.ie@plancomm.gov.bd

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ

আইসি নং: ০১ তারিখ: ০৫/০৫/১৮

সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল

প্রোগ্রামার

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সহকারী প্রোগ্রামার-১

সহকারী প্রোগ্রামার-২

সহকারী প্রোগ্রামার-৩

সহকারী প্রোগ্রামার-৪

সহকারী প্রোগ্রামার-৫

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দু: আ:- পরিচালক-১)।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), আব্দুল মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল-১২), ১১১ বীর উত্তম সি. আর দত্ত রোড, ঢাকা-১২০৫।
- ৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১১। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। উপ সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ প্রস্তুত রাখা এবং ২৫ জনের আপ্যায়নের ব্যবস্থাকরণের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং
www.plancomm.gov.bd

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।

- ১। প্রকল্পের নামঃ মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন।
- ২। ক) উদ্যোগী মন্ত্রণালয়ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়।
খ) বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)।
- ৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়):

মোট	৮২৮.৪৯
জিওবি	৭.৬৩
প্রকল্প সাহায্য	৮২০.৮৬

- ৪। প্রকল্পের অর্থায়ন ও উৎস (কোটি টাকায়): ভারতীয় ঋণ LoC- III এর আওতায় বার্ষিক ১% সুদের হারে ৫ বছরের গ্রেস পিরিয়ড বাদে ২০ বছরে পরিশোধযোগ্য।

অর্থায়নের বিবরণ (ধরণ)	জিওবি (বৈদেশিক মুদ্রা)	প্রকল্প সাহায্য (আরপিএ)	সর্বমোট
ঋণ	৭.৬৩ (০)	৮২০.৮৬ (৮২০.৮৬)	৮২৮.৪৯ (৮২০.৮৬)
অনুদান	-	-	-
ইকুইটি	-	-	-
অন্যান্য	-	-	-
মোট	৭.৬৩ (০)	৮২০.৮৬ (৮২০.৮৬)	৮২৮.৪৯ (৮২০.৮৬)

- ৫। জিওবি অর্থের উৎস ও ডিপিপি অনুযায়ী বছর ভিত্তিক বরাদ্দ চাহিদা (কোটি টাকায়):

অর্থ বছর	জিওবি (বৈ.মু.)	প্রকল্প সাহায্য		নিজস্ব তহবিল	অন্যান্য	মোট
		আরপিএ	ডিপিএ			
১	২	৩	৪	৫	৬	৭
বছর-১ (২০১৮-১৯)	৩.১৯ (০.০০)	-	১৮০.৮৩২০	-	-	১৮৪.০২২০
বছর-২ (২০১৯-২০)	২.২৫ (০.০০)	-	৪৭৯.০২৮০	-	-	৪৮১.২৭৮০
বছর-৩ (২০২০-২১)	২.১৯ (০.০০)	-	১৬১.০০০০	-	-	১৬৩.১৯০০
সর্বমোটঃ	৭.৬৩.০০ (০.০০)	-	৮২০.৮৬০০	-	-	৮২৮.৪৯০০

৬। প্রকল্পের বাস্তবায়নকালঃ ১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত।

৭। প্রকল্প এলাকাঃ

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা
চট্টগ্রাম	চট্টগ্রাম	মিরসরাই

৮। চলতি (২০১৭-২০১৮) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্তি ও বরাদ্দ/চাহিদাঃ

প্রস্তাবিত প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে (আরএডিপি'র পৃষ্ঠা নং-৮৪৮; ক্রমিক নং-৬২)।

৯। লক্ষ্য ও প্রকল্পের উদ্দেশ্যঃ

সার্বিক লক্ষ্যমাত্রা:

ভারতীয় ডেভেলপার/কোম্পানীসমূহকে বাংলাদেশে বিনিয়োগে আকৃষ্ট করার লক্ষ্যে মিরসরাইয়ে একটি ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল (আইএসইজেড) স্থাপন করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- (ক) প্রস্তাবিত জি-টু-জি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার আওতায় মিরসরাইয়ে অফ-সাইট অবকাঠামো উন্নয়নের মাধ্যমে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল (আইএসইজেড) স্থাপনের জন্য উপযোগী করা ;
- (খ) একটি ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে শিল্প ইউনিট স্থাপন ও পরিচালনার জন্য ভারতীয় কোম্পানীসমূহকে আকৃষ্ট করা;
- (গ) কর্মসংস্থান সৃষ্টি করে জীবন-যাত্রার মানোন্নয়নের মাধ্যমে বাংলাদেশের টেকসই অর্থনৈতিক উন্নয়ন সাধন করা।

১০। প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও প্রকল্পের আওতায় মূল কার্যক্রমঃ

১০.১। প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

দেশে দ্রুত শিল্পায়নের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ও ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। দেশের সুখম উন্নয়ন নিশ্চিতকল্পে সরকার বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে ২০১৫ হতে ২০৩০ সালের মধ্যে ১৫ বছরে ১০০টি অর্থনৈতিক অঞ্চল গঠনের পরিকল্পনা গ্রহণ করেছে। ইতোমধ্যে জুন ২০১৭ পর্যন্ত মোট ৭৯টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার অনুমোদন দেয়া হয়েছে- যার মধ্যে ৫৬টি সরকারিভাবে এবং অবশিষ্ট ২৩টি বেসরকারিভাবে প্রতিষ্ঠা করা হবে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ অনুযায়ী জি-টু-জি চুক্তির আওতায় বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল গঠনের সুযোগ রয়েছে। এ উদ্দেশ্যে চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে ভারতীয় বিনিয়োগকারীদের জন্য একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উক্ত অর্থনৈতিক অঞ্চলের জন্য ভূমি অধিগ্রহণ ও এর আংশিক উন্নয়নের জন্য বেজা কর্তৃক সরকার হতে ১% সুদে ঋণ গ্রহণের মাধ্যমে ভূমি অধিগ্রহণের জন্য “মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ”-শীর্ষক পৃথক একটি প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। অপরদিকে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার জন্য ভারতীয় ঋণ LoC III এর আওতায় বরাদ্দকৃত ১০০ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ অর্থে বিবেচ্য “মিরসরাইয়ে ভারতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন”-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ৮২৮.৪৯ কোটি টাকা এবং বাস্তবায়নকাল ০১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। মোট ব্যয়ের মধ্যে ৭.৬৩ কোটি টাকা বাংলাদেশ সরকারের ঋণ এবং অবশিষ্ট ৮২০.৮৬ কোটি টাকা ভারতীয় ঋণ LoC- III এর আওতায় বার্ষিক ১% সুদের হারে ৫ বছরের গ্রেস পিরিয়ড বাদে ২০ বছরে পরিশোধযোগ্য। ভারতীয় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়নের জন্য প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নসহ পারিপার্শ্বিক স্থাপনা/অবকাঠামো তথা সংযোগ সড়ক, প্রশাসনিক ভবন নির্মাণ ও অন্যান্য অবকাঠামো নির্মাণ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য, প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চলটি ভারতীয় বিনিয়োগকারীদের দ্বারা পরিচালিত হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং অর্থনৈতিক উন্নয়ন সাধিত হবে।

১০.২। প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি এবং মূল কার্যক্রমঃ

- ভূমি উন্নয়ন- ৯০ লক্ষ ঘ: মি:;
- পানি সরবরাহ এবং নিষ্কাশন- ফেনী নদী হতে ৯ কি.মি. দীর্ঘ পাইপ লাইন;
- সংযোগ সড়ক - ১০ কি: মি:;
- পাম্প স্টেশন- ১ টি;
- পানি সংরক্ষণাগার- ১ টি, অভ্যন্তরীণ সংযোগ এবং বহি:নিষ্কাশন লাইন- ১ আইটেম;
- সীমানা প্রাচীর নির্মাণ- ৫০০০ মিটার;
- প্রশাসনিক ভবন নির্মাণ- ১৬৮০ বর্গ মিটার;
- নিরাপত্তা শেড নির্মাণ- ১টি;
- টেলিযোগাযোগ (অপটিক্যাল ফাইবার) স্থাপন- ১ আইটেম;
- পরামর্শক সেবা গ্রহণ;
- প্রশিক্ষণ, শিক্ষা সফর ও Investment Promotion (IP) কর্মসূচি (ভারতে); এবং
- যানবাহন (২টি; ১টি মাইক্রোবাস ও ১টি পিক-আপ) ও যন্ত্রপাতি সংগ্রহ।

১১। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ সংযোজনী 'ক' দ্রষ্টব্য।

১২। প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণঃ প্রকল্পটির আয়-ব্যয় বিশ্লেষণ করা হয়নি।

১৩.০। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামতঃ

১৩.১। প্রকল্পের মূল ডিপিপি'র পরিবর্তে এর রজিন ফটোকপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। মূল স্বাক্ষরিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা বাঞ্ছনীয়;

১৩.২। ডিপিপি'র প্রতি পৃষ্ঠায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর নেই- যা থাকা বাঞ্ছনীয়;

১৩.৩। প্রকল্পের উদ্দেশ্য ডিপিপি'র পৃষ্ঠা নং-১ এবং পৃষ্ঠা নং-১২ এ দু'রকমভাবে উপস্থাপন করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য ডিপিপি'র সর্বত্র একই হওয়া বাঞ্ছনীয়। প্রকল্পের উদ্দেশ্য যথাযথভাবে নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে;

১৩.৪। ডিপিপি'র পৃষ্ঠা-৯ এর অনুচ্ছেদ-১৩.২ এর বর্ণনা যথাযথ হয়নি। এটি সংশোধন করা আবশ্যিক। এছাড়া, ডিপিপি'র কতিপয় স্থানে ভাষার উৎকর্ষ সাধন আবশ্যিক;

১৩.৫। ডিপিপি'র পৃষ্ঠা নং-২, অনুচ্ছেদ নং ৬.১ এ ৮২০.৮৬ কোটি টাকা RPA হিসাবে প্রস্তাব করা হলেও অনুচ্ছেদ ৫, ৬.২ ও ৯ এ তা RPA হিসাবে দেখানো হয়নি, যা অসঙ্গতিপূর্ণ। এটি সঙ্গতিপূর্ণ করা আবশ্যিক;

১৩.৬। এ প্রকল্পের ভূমি অধিগ্রহণ সংশ্লিষ্ট প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক প্রস্তাবিত "মিরসরাইয়ে ভারতীয় অর্থনৈতিক অঞ্চল স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ"-শীর্ষক প্রকল্পের আওতায় যানবাহন ক্রয় অংশে ১টি মাইক্রোবাস ক্রয়ের সংস্থান থাকায় আলোচ্য প্রকল্পের আওতায় ১টি মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাব বাদ দিয়ে শুধু ১টি পিক-আপ ক্রয়ের সংস্থান রাখা যায়;

১৩.৭। ডিপিপি'র পৃষ্ঠা নং-২৭ এ লক্ষ্য করা যায় যে, প্রকল্পের আওতায় পরামর্শক সেবা কেবলমাত্র ভারতীয় প্রতিষ্ঠানের জন্য নির্দিষ্ট করা হয়েছে। এটি সকলের প্রতিযোগিতার জন্য উন্মুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে। এছাড়া, Consultancy অংশের শিরোনাম International Consultancy করা যেতে পারে। অন্যথায় এ বিষয়ে Central Procurement Technical Unit (CPTU) এর মতামত গ্রহণ করা যেতে পারে;

- ১৩.৮। প্রকল্পের আওতায় বিভিন্ন অঙ্গের ব্যয় আরও যৌক্তিকভাবে নির্ধারণ করা আবশ্যিক। প্রকল্পের আওতায় ১০ কি.মি. এক্সেস রোড নির্মাণের জন্য প্রতি মিটারের জন্য ব্যয় প্রাক্কলন করা হয়েছে ৪৫,০০০.০০ টাকা। এক্ষেত্রে এক্সেস রোডের গড় প্রশস্ততা ও স্পেসিফিকেশন উল্লেখ করা বাঞ্ছনীয়। ডিপিপি'র পৃষ্ঠা নং ১৪ এ প্রতি মিটার সীমানা প্রাচীর নির্মাণের জন্য পিডব্লিউডি রেট অব সিডিউল-২০১৪ অনুযায়ী নির্ধারণ করা হয়েছে ১৭০.০০ টাকা। এ হিসাবে প্রকল্পের আওতায় ৫০০০ মিটার সীমানা প্রাচীর নির্মাণের ব্যয় ৮.৫০ লক্ষ টাকা। কিন্তু প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন অংশে ৫০০০ মিটার সীমানা প্রাচীর নির্মাণের ব্যয় প্রাক্কলন করা হয়েছে ৮৫০.০০ লক্ষ টাকা। অর্থাৎ এক্ষেত্রে তথ্য প্রদর্শনে ভুল হয়েছে। এ ভুল সংশোধনপূর্বক পিডব্লিউডি রেট সিডিউল-২০১৪ অনুযায়ী সকল অঙ্গে একক দর/ব্যয় সঠিকভাবে উল্লেখ/প্রাক্কলন করা বাঞ্ছনীয়;
- ১৩.৯। ৩৬ মাস প্রকল্প মেয়াদে ৫টি প্রশিক্ষণ, ৫টি শিক্ষা সফর এবং ৩টি Investment Promotion (IP) কর্মসূচি (ভারতে) সংখ্যায় অত্যধিক বেশী এবং এ অঙ্গে ৮৭০.০০ লক্ষ টাকার সংস্থানও অত্যধিক প্রতীয়মান হয়। প্রশিক্ষণ, শিক্ষা সফর এবং Investment Promotion (IP) কর্মসূচি (ভারতে) এর বিস্তারিত বিবরণ, অংশগ্রহণকারীর যোগ্যতা ও সংখ্যা ডিপিপি-তে সংযোজন করা হয়নি- যা সংযোজন করা আবশ্যিক;
- ১৩.১০। প্রকল্পের আওতায় মোট ১৮ জন জনবল নিয়োগের প্রস্তাব করা হয়েছে (প্রেমণ-০২ জন, সরাসরি-০৭ জন এবং আউটসোর্সিং-এর মাধ্যমে ০৯ জন)। এক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ সংযোজন করা হয়নি, যা থাকা বাঞ্ছনীয়;
- ১৩.১১। প্রকল্পের আওতায় ৯০.০০ লক্ষ ঘন মিটার ভূমি উন্নয়ন বাবদ ৩৫১০০.০০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। বর্তমানে ভূমির প্রকৃত অবস্থাসহ উন্নয়ন অঙ্গের ব্যয় প্রাক্কলনের বিস্তারিত বিভাজন ডিপিপি-তে উল্লেখ করা আবশ্যিক;
- ১৩.১২। ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর, প্রশাসনিক ভবন, নিরাপত্তা শেড, প্রবেশ সড়ক নির্মাণ, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন, টেলিযোগাযোগ সংযোগ, পানি শোধনাগার ও পয়ঃশোধনাগার ইত্যাদি কাজ ভারতীয় প্রতিষ্ঠানের জন্য সীমাবদ্ধ করা হয়েছে- LoC III এর চুক্তিপত্রে এমন শর্ত রয়েছে। এটি সকল দরদাতার জন্য উন্মুক্ত করা যায় কী-না তা সভায় আলোচনা করা যেতে পারে। এ বিষয়ে CPTU এর মতামত গ্রহণ করা যেতে পারে;
- ১৩.১৩। প্রকল্পটির প্রাক্কলিত মোট ব্যয় ৮২৮৪৯.০০ লক্ষ টাকার মধ্যে ৮২০৮৬.০০ লক্ষ টাকা ভারতীয় ঋণ LoC- III এর আওতায় বার্ষিক ১% সুদের হারে ৫ বছরের গ্রেস পিরিয়ড বাদে ২০ বছরে পরিশোধযোগ্য। কিন্তু বাংলাদেশ সরকার হতে ঋণ হিসাবে গ্রহণের জন্য প্রস্তাবিত ৭৬৩.০০ লক্ষ টাকার ঋণের শর্তাবলী এবং Amortization Schedule ডিপিপি'তে লক্ষ্য করা যায়নি। এটি সংযোজন করা আবশ্যিক;
- ১৩.১৪। প্রস্তাবিত প্রকল্পের আওতায় ফিজিক্যাল কন্টিনজেন্সিতে ২% হিসাবে ১৩৩৩.২০ লক্ষ টাকা এবং প্রাইস কন্টিনজেন্সিতে ৮% হিসাবে ৫৭৩২.৮০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছে। “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি” অনুযায়ী (অনুচ্ছেদ-১.১০ (জ)) যৌক্তিকভাবে এ ব্যয় প্রাক্কলনের বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।



(এস, এম, আরশাদ ইমাম)

উপ-প্রধান

সংযোজনী- 'ক'

প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন

(লক্ষ টাকায়)

ক্র: নং	অংগের বিবরণ	একক	পরিমাণ/ সংখ্যা	জিওবি (বৈ.মু)	প্রকল্প সাহায্য	মোট ব্যয়	মোট ব্যয়ের শতাংশ (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) রাজস্ব খাত							
১	কর্মকর্তাদের বেতন	জন	৮	১১২.০০	০.০০	১১২.০০	০.১৪
২	কর্মচারীদের বেতন	জন	১০	৬১.০০	০.০০	৬১.০০	০.০৭
৩	ডাডাডি	জন	১৮	১৯৯.০০	০.০০	১৯৯.০০	০.২৪
৪	ভ্রমণ ব্যয়		থোক	২০.০০	০.০০	২০.০০	০.০২
৫	অফিস ভাড়া (স্থানীয় কার্যালয়)		থোক	৩৬.০০	০.০০	৩৬.০০	০.০৪
৬	জ্বালানী ও গ্যাস		থোক	৩৬.০০	০.০০	৩৬.০০	০.০৪
৭	মুদ্রণ এবং বঁধাই		থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
৮	স্টেশনারী, সিল এবং স্ট্যাম্প		থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
৯	বিজ্ঞাপন ও প্রকাশনা		থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
১০	প্রশিক্ষণ, শিক্ষা সফর এবং Investment Promotion (IP) কর্মসূচি (ভারতে)	সংখ্যা	প্রশিক্ষণ-৫, শি.স.-৫, IP-৩	০.০০	৮৭০.০০	৮৭০.০০	১.০৫
১১	সেমিনার/কনফারেন্স	সংখ্যা	৩	৪৫.০০	০.০০	৪৫.০০	০.০৫
১২	আপ্যায়ন ব্যায়		থোক	২৫.০০	০.০০	২৫.০০	০.০৩
১৩	পরামর্শক সেবা		থোক	০.০০	২৫০০.০০	২৫০০.০০	৩.০২
১৪	নিরাপত্তা সেবা ভাড়া		থোক	৩৪.০০	০.০০	৩৪.০০	০.০৪
১৫	সম্মানী/ফি		থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
১৬	অন্যান্য ব্যয়		থোক	২৫.০০	০.০০	২৫.০০	০.০৩
১৭	মেসারামত ও রক্ষণাবেক্ষণ		থোক	২০.০০	০.০০	২০.০০	০.০২
	উপমোট-ক (রাজস্ব):			৬৫৩.০০	৩৩৭০.০০	৪০২৩.০০	৪.৮৩
(খ) মূলধন:							
১৮	যানবাহন ক্রয় (১ টি মাইক্রোবাস ও ১টি পিকআপ)	সংখ্যা	২টি	১০০.০০	০.০০	১০০.০০	০.১২
১৯	কম্পিউটার, ল্যাপটপ প্রিন্টার (ডেস্কটপ-২টি, ল্যাপটপ-২টি, ট্যাব-২টি, প্রিন্টার-১টি)	সংখ্যা	৭টি	৬.০০	০.০০	৬.০০	০.০১
২০	ফটোকপিয়ার ও স্ক্যানার (১টি করে)	সংখ্যা	২টি	২.০০	০.০০	২.০০	০.০০২
২১	আসবাবপত্র	সেট	১	২.০০	০.০০	২.০০	০.০০২
পূর্ত নির্মাণ কাজঃ							
৪২	ভূমি উন্নয়নঃ	ঘনমিটার	৯০ লক্ষ		৩৫১০০.০০	৩৫১০০.০০	৪২.৩৭
২২	প্রশাসনিক ভবন	বর্গমিটার	১৬৮০		২০০০.০০	২০০০.০০	২.৪১
২৩	সীমানা প্রাচীর	মিটার	৫০০০		৮৫০.০০	৮৫০.০০	১.০৩
২৪	এক্সেস রোড	কি.মি.	১০		৪৫০০.০০	৪৫০০.০০	৫.৪৩
২৫	পানি সরবরাহ ও বহিঃনিকাশন (পাইপ লাইন-৯ কি.মি., সংরক্ষণাধার-১টি, পাম্প স্টেশন-১টি, অভ্যন্তরীণ সংযোগ-১টি, বহিঃনিকাশন)	সেট			৮০০০.০০	৮০০০.০০	৯.৬৬

২৬	টেলিযোগাযোগ (অপটিক্যাল ফাইবার সংযোগ)	অইটেম	১		৫০০০.০০	৫০০০.০০	৬.০৪
২৭	নিরাপত্তা সেড	অইটেম	১		১০০.০০	১০০.০০	০.১২
২৮	অন্যান্য: WTP/STP Installation	অইটেম	১		১৬০০০.০০	১৬০০০.০০	১৯.৩১
	উপমোট-ক (মূলধন):			১১০.০০	৭১৫৫০.০০	৭১৬৬০.০০	৮৬.৫
	মোট (ক)+(খ) =						
২৯	(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি (মূলধন ব্যয়ের ২%)				১৪৩৩.২০	১৪৩৩.২০	১.৭৩
৩০	(ঘ) প্রাইস কনটিনজেন্সি (মূলধন ব্যয়ের ৮%)				৫৭৩২.৮০	৫৭৩২.৮০	৬.৯২
	সর্বমোট (ক+খ+গ+ঘ):			৭৬৩.০০	৮২০৮৬.০০	৮২৮৪৯.০০	৯৯.৯৮৪